RBI/2016-17/187
IDMD.CDD.No.1453/14.04.050/2016-17

ডিসেম্বর 16, 2016

চেয়ারম্যান এবং প্রাবন্ধিক নির্দেশক
সকল প্রাধিকৃত ব্যাঙ্ক

মাননীয় মহাশয়/ মহাশয়া,

**প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম (পিএমজিকেডিএস), 2016**

ভারত সরকার ডিসেম্বর 16, 2016 তারিখাঙ্কিত দ্রষ্টব্য নোটিফিকেশন নং. S.O. 4061 (E) এর দ্বারা "প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম (পিএমজিকেডিএস)"ঘোষণা করেছে। প্রধান মন্ত্রী গরীব কল্যাণ যোজনা, 2016 –এর জন্য ট্যাক্সেশন এবং ইনভেস্টমেন্ট রেজিমের অধীনস্থ প্রত্যেক ঘোষণাকারী(ডিক্লেয়ারান্ট)-এর ক্ষেত্রে উক্ত স্কিমটি প্রযোজ্য হবে।

**স্কিমটির ক্ষেত্রে প্রযোজ্য বিধি ও শর্তাদি নিম্নরূপ:**

**2. আমানতযোগ্যতা—** কোনও ব্যাক্তি যিনি প্রধান মন্ত্রী গরীব কল্যাণ যোজনা, 2016 –এর জন্য ট্যাক্সেশন এবং ইনভেস্টমেন্ট রেজিমের ধারা 199C-এর উপধারা (1)-এর অধীনে অপ্রকাশিত আয় ঘোষণা করেছেন তিনি এই স্কিমটির অধীনে ডিসেম্বর , 2016-এর 17তম দিন থেকে মার্চ, 2017-এর 31তম দিন পর্যন্ত আমানত করবেন।

**3. আমানতের রূপ— ঘোষণাকারীর জমা করা** আমানতটিকে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কে রক্ষিত বন্ডস লেজার অ্যাকাউন্টে রাখা হবে। ঘোষণাকারীর উদ্দেশ্যে **ফর্ম I**-এ ধারকত্বের প্রমাণপত্র জারি করা হবে। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এই স্কিমটির অধীনে জমা হওয়া আমানতকে ভারত সরকারের পাবলিক অ্যাকাউন্টের নির্ধারিত রিজার্ভ ফান্ডে স্থানান্তরিত করবে।

**4. প্রাধিকৃত ব্যাঙ্ক—** (a) বন্ডস লেজার অ্যাকাউন্ট খাতে আমানত করার জন্য আবেদন যেকোনও ব্যাঙ্কিং কোম্পানি যার উপর ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (1949-এর 10) প্রযোজ্য, গ্রহণ করবে(এতদপরবর্তী ক্ষেত্রে প্রাধিকৃত ব্যাঙ্ক হিসাবে অভিহিত)।

(b) প্রাধিকৃত ব্যাঙ্ক **ফর্ম V** দ্বারা আমানত সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ইলেক্ট্রনিক মাধ্যম মারফত রাজস্ব বিভাগ, অর্থমন্ত্রক, ভারত সরকার-এর কাছে অব্যবহিত পরবর্তী কাজের দিনের মধ্যে পেশ করবে যাতে ঘোষণাটি গ্রহণ করার পূর্বে বিভাগ আমানতের তথ্য যাচাই করে নিতে সক্ষম হয়।

(c) প্রাধিকৃত ব্যাঙ্ক আমানত সম্পর্কে বিস্তারিত তথ্যাদি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের কোর ব্যাঙ্কিং সলিউশন 'ই-কুবের'-এ আপলোড করবে।

(d) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এবং প্রাধিকৃত ব্যাঙ্ক এই মর্মে প্রাপ্ত ডেটার গোপনীয়তা সুরক্ষিত রাখবে।

**5. বন্ডস লেজার অ্যাকাউন্টের গ্রাহক হওয়া এবং লগ্নি করার উপায়**— (a) সকল প্রাধিকৃত ব্যাঙ্কে এই আমানত গ্রহণ করা হবে।

(b) আমানত করা রাশিকে একশো টাকার গুণিতক হতে হবে।

(c) কোনও ঘোষণাকারী ব্যক্তির জমা করা রাশি প্রধান মন্ত্রী গরীব কল্যাণ যোজনা, 2016 –এর জন্য ট্যাক্সেশন এবং ইনভেস্টমেন্ট রেজিমের ধারা 199C-এর উপধারা (1)-এর অধীনে অপ্রকাশিত আয় বলে ঘোষিত রাশির পঁচিশ শতাংশের কম হওয়া চলবে না।

(d) যথা উল্লেখিত ধারা 199C-এর উপধারা (1)-এর অধীনে ঘোষণা পেশ করার পূর্বে সম্পূর্ণ রাশিটি একবারে(সিঙ্গেল পেমেন্ট হিসাবে) আমানত করতে হবে।

(e) নগদ মারফত বা প্রাধিকৃত ব্যাঙ্কের অনুকূলে ড্রাফট বা চেক মারফত অথবা ইলেক্ট্রনিক ট্রান্সফার করে রাশিটি জমা করা যাবে।

**6. আমানতের প্রযোজ্য তারিখ**— বন্ডস লেজার অ্যাকাউন্ট খোলার প্রযোজ্য তারিখ হবে সেই তারিখটি যে তারিখে নগদরাশি পেশ করা হবে অথবা যে তারিখে ড্রাফট বা চেক বা ইলেক্ট্রনিক ট্রান্সফার মারফত প্রেরিত রাশি প্রাপ্ত(রিয়ালাইজেশন) হবে।

**7. আবেদন**— (a) এই স্কিমটির অধীনে আমানত করার আবেদন **ফর্ম II** তে করতে হবে যেখানে পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে- রাশিপরিমাণ, ঘোষণাকারীর পুরো নাম, পারমানেন্ট অ্যাকাউন্ট নাম্বার(এতদপরবর্তী ক্ষেত্রে "প্যান" বলে অভিহিত), ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি(ফেরতপ্রাপ্য রাশি গ্রহণের উদ্দেশ্যে),এবং ঠিকানা। যদি ঘোষণাকারী ব্যক্তির প্যান না থাকে, তিনি প্যানের জন্য আবেদন করবেন এবং প্রাপ্তিস্বীকার পত্র সহ প্যান আবেদন সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি প্রদান করবেন।

(b) উপ-অনুচ্ছেদ (a)-অধীনে করা আবেদনের সাথে যে অর্থরাশি পেশ করতে হবে তার পরিমাণ অনুচ্ছেদ 5-এর উপ-অনুচ্ছেদ (c) এবং (d) তে যথাপ্রদত্ত নগদ মারফত পেশ করা অথবা ড্রাফট বা চেক বা ইলেক্ট্রনিক ট্রান্সফার হিসাবে প্রেরিত অপ্রকাশিত আয়ের পঁচিশ শতাংশের কম হওয়া চলবে না।

**8. মনোনয়ন**— (a) যেহেতু বন্ডস লেজার অ্যাকাউন্টের একজন একক ধারক অথবা একজন একক জীবিত ধারক একজন একক ব্যক্তি(ইন্ডিভিজুয়াল), তিনি এক বা একাধিক ব্যক্তিকে **ফর্ম III**-এর মাধ্যমে মনোনীত করতে পারেন যাঁরা তাঁর মৃত্যু ঘটলে বন্ডস লেজার অ্যাকাউন্ট বা ঐ সম্পর্কিত অর্থপ্রাপ্তির অধিকারপ্রাপ্ত হবেন।

(b) যেখানে অর্থরাশি দুজন বা ততোধিক মনোনীত ব্যক্তির জন্য প্রদেয় হবে এবং দুজনের মধ্যে একজন অথবা কোনও একজনের ঐ অর্থরাশি প্রাপ্য হওয়ার পূর্বেই মৃত্যু ঘটলে, বন্ডস লেজার অ্যাকাউন্টের উত্তরাধিকার(টাইটেল) যে বা

যেসকল মনোনীত ব্যক্তি জীবিত থাকবেন তাঁদের উপর ন্যস্ত হবে এবং ঐসূত্রে প্রাপ্য অর্থরাশি তদনুসারে প্রদত্ত হবে৷ যেক্ষেত্রে ধারকের পূর্বেই মনোনীত ব্যক্তি বা মনোনীত ব্যক্তিগণের মৃত্যু ঘটবে, ধারক সেক্ষেত্রে নতুন করে মনোনয়ন করতে পারবেন৷

(c) বন্ডস লেজার অ্যাকাউন্টের ধারক কর্তৃক স্থিরিকৃত মনোনয়ন, নতুন মনোনয়ন মারফত পরিবর্তন করা যাবে, অথবা প্রাধিকৃত ব্যাঙ্কে লিখিতভাবে **ফর্ম IV** মারফত নোটিশ করার মাধ্যমে বাতিল করা যাবে৷

(d) প্রতিটি মনোনয়ন এবং প্রতিটি বাতিলকরণ বা পরিবর্তন প্রাধিকৃত ব্যাঙ্ক কর্তৃক ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কে পঞ্জীকৃত হতে হবে এবং তা প্রযোজ্য হবে ঐ পঞ্জীকরণের তারিখ থেকেই৷

(e) মনোনীত ব্যক্তি যদি নাবালক হন, বন্ডস লেজার অ্যাকাউন্টের ধারক তাঁর মৃত্যু ঘটলে বন্ডস লেজার অ্যাকাউন্টটি বা প্রাপ্য অর্থরাশি গ্রহণ করার জন্য কোনও ব্যক্তিকে নিয়োগ করতে পারেন৷

**9. স্থানান্তরণ যোগ্যতা**— বন্ডস লেজার অ্যাকাউন্টের স্থানান্তরণ যোগ্যতা একক ধারক ব্যক্তির(ইন্ডিভিজুয়াল হোল্ডার) দ্বারা মনোনীত ব্যক্তি অথবা তাঁর(একক ধারক ব্যক্তির) আইনসম্মত উত্তরাধিকারীর মধ্যে সীমাবদ্ধ থাকবে, যদি সেই একক ধারক ব্যক্তির মৃত্যু ঘটে৷

**10. সুদ**— আমানতগুলিতে সুদ দেওয়া হবে না৷

**11. বন্ডগুলির ক্রয়-বিক্রয়যোগ্যতা**— এই বন্ডগুলি ক্রয়-বিক্রয় করা যাবে না৷

**12. পরিশোধ**— আমানত করার তারিখের থেকে চার বছর মেয়াদ অতিক্রান্ত হলে বন্ড লেজার অ্যাকাউন্ট পরিশোধযোগ্য হবে এবং এরূপ বন্ড লেজার অ্যাকাউন্টে প্রাক মেয়াদপূর্তী মূল্যপরিশোধের অনুমতি নেই৷

**13. ভাষ্যব্যাখ্যা**— শব্দ এবং অভিব্যক্তি সেগুলি ব্যবহৃত হয়েছে অথচ যেগুলির সংজ্ঞা এই নোটিফিকেশনটিতে দেওয়া হয়নি কিন্তু যেগুলির সংজ্ঞা দ্য ইনকাম ট্যাক্স অ্যাক্ট, 1961 (1961-এর 43), দ্য গভর্নমেন্ট সিকিউরিটিজ অ্যাক্ট, 2006 (2006-এর 38), দ্য ফিন্যান্স অ্যাক্ট, 2016 (2016-এর 28)-এ দেওয়া হয়েছে, সেগুলির অর্থ ঐ অ্যাক্টগুলিতে যেভাবে ব্যাখ্যা করা হয়েছে সেভাবে প্রযুক্ত হবে৷

আপনার বিশ্বস্ত

(রাজেন্দ্র কুমার)
মহাপ্রবন্ধক